

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ রাসূলুল্লাহ (ﷺ) বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. রাসূলুল্লাহ (ﷺ) ও আলী (রা) নূর থেকে সৃষ্ট

خُلِقْتُ أَنَا وَعَلِيٌّ مِنْ نُوْرٍ، وَكُنَّا عَنْ يَمِيْنِ الْعَرْشِ قَبْلَ أَنْ يَخْلُقَ اللهُ آدمَ بِأَلْفَيْ عَامٍ، ثُمَّ خَلَقَ اللهُ آدَمَ فَانْقَلَبْنَا فِيْ أَصِلْلَابِ الرِّجَالِ.

"আমাকে ও আলীকে নূর থেকে সৃষ্টি করা হয়। আদমের সৃষ্টির ২ হাজার বৎসর পূর্বে আমরা আরশের ডান পার্শ্বেছিলাম। অতঃপর যখন আল্লাহ আদমকে সৃষ্টি করলেন তখন আমরা মানুষদের ঔরসে ঘুরতে লাগলাম।"
মুহাদ্দিসগণ একমত যে, কথাটি একটি মিথ্যা ও জাল হাদীস। জা'ফর ইবনু আহমাদ ইবনু আলী আল-গাফিকী নামক একজন মিথ্যাবাদী জালিয়াত এ হাদীসটি বানিয়েছে এবং এর জন্য একটি সনদও সে বানিয়েছে।

ফুটনোট

[1] ইবনুল জাওয়ী, আল-মাউদূ'আত ১/২৫৪; সুয়ূতী, আল-লাআলী ১/৩২০; ইবনু আর্রাক, তান্যীহ ১/৩৫১; শাওকানী, আল-ফাওয়াইদ ২/৪৩৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4795

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন